Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে আষাঢ় বুধবার ১৩৬৯ ইংরাজী 4th July 1962 { ৮ম সংখ্যা




**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Servic(e)

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354, OF 57

**খাস জনতা**
কেরোসিন কুকার

রচনে চাম্পতা ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA G. P.

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সৰ্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৯শে আষাঢ় বুধবার সন ১৩৬৯ সাল।

# আস্‌বি কবে?

—•—

বিশ্বনিয়ন্তা জগদীশ্বরের নিকট হইতে যখন কেহ বিদায় লইয়া পৃথিবীতে জন্মগ্রহণ করে, তখন বোধ হয় তিনি জাতককে বলেন "আস্‌বি কবে?" আমাদের পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র বোধ হয় ভগবানের কাছে একরারনামা দিয়ে স্বীকার ক'রে এসেছিলেন "লিখে রাখো ঠাকুর আজকের তারিখ। ভগবান লিখলেন ইংরাজী ১৮৮২ সাল ১লা জুলাই প্রায় দুপুর বেলা। "আস্‌বি কবে?" ঠিক গ'ণে রেখো ঠাকুর ১৯৬২ সালের ১লা জুলাই দুপুরের মধ্যে না আসি, তোমার এলাকায় আমাকে ঢুকতে দিও না।" আমাদের মুখ্যমন্ত্রী মোক্ষ লাভ করবেনই। ঠিক জন্মদিনেই বেলা দুপুরের মধ্যে মহাপ্রস্থান। মুখ্যমন্ত্রী ডাঃ রায় ছাড়া অন্য কোনও মহাপুরুষের আবির্ভাব দিবসে তিরোভাব দিবস কেহ দেখিয়াছেন কি?

## ৮১তম জন্মদিনে

### *পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী*

### *ডাক্তার রায়ের তিরোভাব*

**শোকাচ্ছন্ন কলিকাতায় শেষ দর্শনার্থী জনতার ভিড়ে ৫০ জনের সংজ্ঞা লোপ**

**দর্শনার্থীদের সুবিধার জন্য মৃতদেহ বিধান সভা ভবনে স্থানান্তরিত**

**জাতীয় পতাকা অৰ্দ্ধনমিত : দোকানপাট, সিনেমা প্রভৃতি বন্ধ : পশ্চিমবঙ্গে সাত দিনব্যাপী রাষ্ট্রীয় শোক**

### *২রা জুলাই সকাল সাড়ে ছয়টায় শোকযাত্রা : কেওড়াতলায় বৈদ্যুতিক চুল্লীতে শেষকৃত্যের ব্যবস্থা*

রবিবার বেলা ১২টা ৩ মিনিটের সময় বাংলা তথা ভারতের সুসন্তান, বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ চিকিৎসক, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, মনে-প্রাণে অকৃত্রিম বাঙালী ভারতরত্ন ডাঃ বিধানচন্দ্র রায়ের জীবনদীপ নির্ব্বাপিত হয়।

বিনামেঘে বজ্রপাতের মত এই দুঃসংবাদ দাবানলের মত ছড়াইয়া পড়ার সঙ্গে সঙ্গে মহানগরী সহ সমগ্র পশ্চিমবঙ্গ শোকবিহ্বল হইয়া পড়ে।

স্বতঃস্ফূর্ত্তভাবে দোকান-পাট, হাট-বাজার সব বন্ধ হইয়া যায়। সমগ্র মহানগরী নীরব হইয়া যায়। রাষ্ট্রপতি ডাঃ রাধাকৃষ্ণণ, রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডু, প্রদেশ কংগ্রেস সভাপতি শ্রীঅতুল্য ঘোষ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ এবং সর্ব্বস্তরের সর্ব্ববয়সী জনসাধারণ মুখ্যমন্ত্রীর গৃহে উপস্থিত হন। অল্প কিছুক্ষণের মধ্যে বিপুল জনতায় ওয়েলিংটন অঞ্চল পূর্ণ হইয়া যায়। সন্ধ্যার পূর্ব্বে প্রায় সাড়ে তিন হাজার মাল্য অর্পিত হয়।

শেষ দর্শনের জন্য সমাগত জনতার চাপে বহু লোক জ্ঞান হারাইয়া ফেলে। প্রায় ৫০ জনকে হাসপাতালে লইয়া যাইতে হয়। ভীড় নিয়ন্ত্রণে পুলিসবাহিনী হিমসিম খাইয়া যায়। এমন কি তাহাদের লাঠি দিয়াও জনতা নিয়ন্ত্রণ করিতে হয়। সন্ধ্যার অব্যবহিত পূর্ব্বে দর্শনার্থীদের সুবিধার জন্য মৃতদেহ বিধানসভা ভবনে স্থানান্তরিত করিতে হয়। হাজার হাজার জনতা সারা রাত্রি ধরিয়া তাঁহাদের প্রিয় নেতার নশ্বর দেহ দর্শন করে।

২রা জুলাই সকাল ৬॥ টায় বিধানসভা ভবন হইতে শোকযাত্রা বাহির হইয়া বিভিন্ন ভবন হইয়া বেলা প্রায় সোয়া ১১ টায় কেওড়াতলা মহাশ্মশানে উপনীত হয়। সেখানে তাঁহার শেষকৃত্য বৈদ্যুতিক চুল্লীতে সম্পন্ন হইয়াছে।

রাজ্য সরকার ২রা এবং ৩রা জুলাই সাধারণ ছুটি ও এক সপ্তাহব্যাপী শোকদিবস ঘোষণা করিয়াছেন। কেন্দ্রীয় সরকারও এক দিবস ছুটি ঘোষণা করিয়াছেন। মৃত্যু সংবাদের পরেই সমস্ত সরকারী ভবন ও বহু বেসরকারী ভবনে রাষ্ট্রীয় পতাকা অৰ্দ্ধনমিত করিয়া রাখা হয়।

রবিবার ১লা জুলাই দিনটি ছিল জননায়ক, কর্ম্মযোগী এবং পশ্চিমবঙ্গ রাজ্যের কর্ণধার ডাঃ রায়ের জন্মদিন। সকাল হইতেই বহুলোক তাঁহার বাসভবনে পুষ্পস্তবক, পুষ্পমাল্য লইয়া মুখ্যমন্ত্রীকে সম্বর্দ্ধনা জ্ঞাপনের উদ্দেশ্যে সমবেত হইতে ছিলেন। তখনও জনসাধারণ ও ডাঃ রায়ের গুণমুগ্ধ বন্ধুবান্ধবদের তাঁহার বাসভবনে আগমনের বিরাম হয় নাই। এমনি সময়ে ডাঃ রায় অসুস্থতা বোধ করেন এবং তাঁহার শ্বাসকষ্ট আরম্ভ হয় এবং পাঁচ মিনিটের মধ্যেই তিনি ইহ জগত হইতে চিরবিদায় গ্রহণ করেন। ডাঃ রায়ের মহানিদ্রায় নিদ্রিত হইবার কিছুকাল পরেই ভারতের রাষ্ট্রপতি ডাঃ সর্ব্বপল্লী রাধাকৃষ্ণণ এবং পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডু ডাঃ রায়ের বাসভবনে উপনীত হন। ডাঃ রায়ের মৃত্যু সংবাদ টেলিফোনযোগে চতুর্দ্দিকে জানান হয়।

## ডাঃ রায়ের একটি অপূর্ণ সাধ

মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের অন্ততঃ একটি পরিকল্পনা অপূর্ণ রহিয়া গেল। নির্ম্মলচন্দ্র ষ্ট্রীটের বাসভবনটি তিনি একটি নার্সিং হোমের জন্য দান করিয়াছেন। আগামী ১৫ই আগষ্ট তাঁহার রোল্যাণ্ড ষ্ট্রীটস্থ নূতন বাসভবনে যাইবার পরিকল্পনা ছিল। তাহা আর হইল না।

---

### *একটি তাজা ছেলে*

জঙ্গিপুর ফৌজদারী আদালতের স্বর্গত নামকরা মোক্তার বসন্তকুমার ঘোষ মহাশয়ের মধ্যম পুত্র দয়ার্দ্রনাথ ঘোষ হাজরা গত ১৩ই আষাঢ় বৃহস্পতিবার শেঠ সুখলাল করনানী হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করিয়াছেন। পিতার শবদেহ দেখিয়া পুত্র চিন্ময় কাতর হইয়া পড়ে, সদ্যবিধবা জননী পুত্রকে বুকে লইয়া যে সাহস ও সান্ত্বনা দিলেন তাহা প্রত্যেক নারীর অনুকরণীয়। "যতদিন উনি জীবিত ছিলেন প্রাণ দিয়া সেবা শুশ্রূষা করিয়াছি। এখন আমি তোর মা, আমি তোর বাবা এটা ভুলিস না।" ভগবান দয়ার্দ্র বাবুর আত্মাকে চিরশান্তি ও স্বজনগণকে সান্ত্বনা দেন এই আমাদের কামনা।

---

## দেবমূর্ত্তি অপহৃত

গত ১২ই আষাঢ় বুধবার রাত্রে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দফরপুর গ্রামের গ্রাম্যদেবতা "নাককাটী দেবীর" শিলামূর্ত্তি অপহৃত হইয়াছে।

কিছুদিন পূর্ব্বে উক্ত থানার সিদ্ধিকালী গ্রামের গ্রামদেবতা "সিদ্ধেশ্বরী দেবীর" শিলামূর্ত্তি অপহৃত হইয়াছে।

---

## ভাগীরথী নদীতে জলবৃদ্ধি

কয়েকদিন হইতে ভাগীরথী নদীতে জলবৃদ্ধি হইতে আরম্ভ করিয়াছে। নদীতে জল আসার পর হইতেই ধীবর সম্প্রদায় মৎস্যের ডিম-পোনা ধরিতে আরম্ভ করিয়াছে। পোনা ধরার ফলে প্রতিদিন অসংখ্য ক্ষুদ্র মৎস্যের ( রুই, মৃগেল, কাতলা বাদে ) ডিম নষ্ট হইতেছে। সেজন্য ট্যাংরা, পাবতা, মৌরলা, পুঁটি প্রভৃতি মাছ বেশী দেখা যায় না।

---

## স্কুল ফাইন্যাল পরীক্ষার ফল

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় হইতে এবৎসর ২৪টী ছাত্রী পরীক্ষা দেয় তন্মধ্যে ১টী প্রথম বিভাগে, ১৪টী দ্বিতীয় বিভাগে ও ৩টী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে।

রঘুনাথগঞ্জ হাই স্কুল হইতে ৬৩টী ছাত্র পরীক্ষা দেয় তন্মধ্যে ২টী ১ম বিভাগে, ৯টী ২য় বিভাগে ও ২৪টী ৩য় বিভাগে উত্তীর্ণ হইয়াছে।

---

## কবিগুরু স্মরণে

গত ২৪শে জুন সন্ধ্যায় বহরমপুর মোহন প্রেক্ষাগৃহে মুর্শিদাবাদ জেলা রবীন্দ্র শতবার্ষিকী কমিটির উদ্যোগে কবিগুরুর একশত একতম জন্মজয়ন্তী উৎসব অনুষ্ঠিত হয়। কবি সম্পর্কে তথ্যসমৃদ্ধ আলোচনা ও সুনির্ব্বাচিত শিল্পীদের সুনিপুণ রবীন্দ্র সঙ্গীত ও নৃত্যকলা অনুষ্ঠানকে সার্থক করিয়া তোলে। কমিটির সভাপতি জেলা শাসক শ্রীদিলীপকুমার গুহ আগামী বর্ষে রবীন্দ্র সদন নির্ম্মাণ সম্পূর্ণ করিবার আশ্বাস দেন।

---

## পিতৃব্য হত্যায় যাবজ্জীবন দণ্ড

—০—

মুর্শিদাবাদ জেলার দায়রা জজ মাননীয় শ্রীআর, কে, ভট্টাচার্য্য সুতী থানার সাদিকপুর গ্রামের নারায়ণ দাসকে তাহার পিতৃব্য নাথুলাল দাসকে ধারাল অস্ত্রের সাহায্যে হত্যা করিবার অপরাধে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। ঘটনার বিবরণে প্রকাশ একখণ্ড জমির মালিকানার প্রশ্নে উভয়ের মধ্যে বিবাদ উপস্থিত হইলে নারায়ণ, একটি হেঁসো সাহায্যে নাথুলালকে হত্যা করে।

'জনমত'

---

## পরলোকে পুরুষোত্তমদাস ট্যাণ্ডন

গত ১লা জুলাই বেলা ১০ ঘটিকার সময় ভূতপূর্ব্ব কংগ্রেস সভাপতি পুরুষোত্তমদাস ট্যাণ্ডন মহাশয় দীর্ঘকাল রোগভোগের পর এলাহাবাদে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তিনি বৃদ্ধা পত্নী, সাত পুত্র ও দুই কন্যা রাখিয়া গিয়াছেন। গঙ্গা-যমুনা-সরস্বতী এই তিন নদীর পবিত্র সঙ্গমস্থলে সন্ধ্যায় তাঁহার শেষকৃত্য সম্পন্ন হয়।

---

## সেদিন আর এদিন

অবিভক্ত বাংলার ভূতপূর্ব্ব প্রধান মন্ত্রী সুরাবর্দী সাহেব করাচীতে তাঁহার অসুস্থ বড় ভাইকে দেখিবার জন্য তিন ঘণ্টার মত পুলিশ প্রহরাধীনে জেল হইতে ছাড়া পান।

---

## মাছি আপনার শত্রু

একে জন্মাতে দেবেন না। মাছি আমাদের শত্রু। মল আর পচা আবর্জ্জনায় এদের জন্ম—থাদ্যেও বটে। এজন্য সব রকমের নোংরার সঙ্গে এদের অবিচ্ছেদ্য সম্পর্ক। কলেরা, আমাশয়, টাইফয়েডের জীবাণু মল থেকে খাবারে মিশিয়ে দেয় এরা লোমশ পায়ে বয়ে এনে। তাই খাবার জিনিস সর্ব্বদাই ঢেকে রাখা খুব দরকার।

---

## নোটীশ

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত নবগ্রাম থানার অধীনে কল্যাণগঞ্জ পচুই মদের দোকান এবং বেলডাঙ্গা থানার অধীন সাটুই মদ ও গাঁজার দোকান ১৯৬২-৬৩ সালের জন্য বন্দোবস্ত করা হইবে। তজ্জন্য ৮০ বারো আনা মূল্যের কোর্টফি সহ, দরখাস্তকারীর পূর্ণ নাম, পিতার নাম, বর্ত্তমান এবং স্থায়ী বাসস্থান, বয়স শিক্ষাগত যোগ্যতা আর্থিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইংরাজী ১০।৭।৬২ তারিখ পর্য্যন্ত দরখাস্ত বহরমপুর জেলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

স্বাঃ- এস, কে, ব্যানার্জী
কালেক্টর পক্ষে অন্তঃশুল্কাধ্যক্ষ, মুর্শিদাবাদ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই জুলাই ১৯৬২

১৯৬২ সালের ডিক্রীজারী

১২ অন্য ডিঃ দফরপুর ইউনিয়ান কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটী লিমিটেড্ দেং হরেরাম দাস দিং দাবি ১৯১ টাকা ১৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নূতনগঞ্জ ৬৬ শতকের কাত ২ টাকা ৪৬ নঃ পঃ আঃ ৩০০৲ রায়ত স্থিতিবান স্বত্ব খং ২৫ ২নং লাট মৌজাদি ঐ ৬ শতকের কাত ৮৭ নঃ পঃ আঃ ৩০৲ ঐ স্বত্ব খং ৫৮৭

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৬ই জুলাই ১৯৬২

১৯৬২ সালের ডিক্রীজারী

৮ মনি ডিঃ সায়েক সেখ দেং নায়েব সেখ দাবি ১৪৪ টাকা ৯৫ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে বেলাইপাড়া ১৬৬ শতকের কাত ৮।০ আঃ ১৫০০৲ খং ১০০





## বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়:—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।